



আমরা জনগণের পক্ষে

# বাংলাদেশ প্রতিদিন

বাংলাদেশ প্রতিদিন, ১১-০৯-২০২৪, অনলাইন

বন্যার্তদের সহায়তায় প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে  
ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির অনুদান

অনলাইন ডেক্স



সম্প্রতি ফেনী, কুমিল্লা ও নোয়াখালী জেলায় ভয়াবহ বন্যার  
প্রভাবে ক্ষতিগ্রস্ত হাজার হাজার মানুষকে ত্রাণ ও পুনর্বাসন  
সহায়তা প্রদানের জন্য প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে ইস্ট  
ওয়েস্ট ইউনিভার্সিটি ৩৩ লাখ ৭১ হাজার টাকার বেশি  
অনুদান দিয়েছে। বুধবার সোনালি ব্যাংকের প্রধান  
উপদেষ্টার ত্রাণ তহবিলে এই অনুদান জমা দেয়া হয়।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটি'র ট্রাস্টি বোর্ড, শিক্ষক এবং  
কর্মকর্তাদের কাছ থেকে স্বেচ্ছা প্রদত্ত এই অনুদানের টাকা সংগ্রহ করে, প্রধান উপদেষ্টার ত্রাণ তহবিলে  
জমা করা হয়। এই আর্থিক অনুদানের পাশাপাশি, বন্যার শুরু থেকেই ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির  
শিক্ষার্থী'রা নানানভাবে বন্যার্তদের উদ্ধার তৎপরতা, খাদ্য পানীয় জল সরবরাহ এবং বন্ত্র বিতরণে  
সক্রিয়ভাবে অংশ নেয়।

ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটির ভাইস-চ্যাপ্সেল প্রফেসর ড. শামস রহমান এই উদ্যোগের বিষয়ে বলেন,  
"ইস্ট ওয়েস্ট ইউনিভার্সিটিতে আমরা সবসময়েই বৃহত্তর মানুষের কল্যাণকে গুরুত্ব দেই। সাম্প্রতিক বন্যা  
ফেনী, নোয়াখালী, কুমিল্লায় হাজার হাজার পরিবারকে বাস্তুচ্যুত করেছে। এই সংকটময় সময়ে তাঁদের পাশে  
দাঁড়ানো আমাদের দায়িত্ব। এই উদ্যোগের মাধ্যমে যদি ক্ষতিগ্রস্তদের কষ্টের কিছুটা লাঘব হয় সেটাতেই  
আমাদের সার্থকতা।"

বন্যার্তদের দীর্ঘমেয়াদী পুনর্বাসনের লক্ষ্যে বিভিন্ন প্রকল্প এবং গবেষণা ভিত্তিক কাজের মাধ্যমে ইস্ট  
ওয়েস্ট ইউনিভার্সিটি'র সহযোগিতা অব্যাহত থাকবে।